# বার্ষিক উন্নয়ন পরিকল্পনা
# ও
# বাজেট প্রণয়নের গাইডলাইন

## অর্থবছর : ২০২৬-২০২৭


প্রশিকা ভবন
আই/১-গ, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬

01888-000285, 01888-000286

pmuk@proshikabd.com

https://proshikabd.com/


Shakti Pada Chakraborty
Chief Executive (Acting)
Proshika Manobik Unnayan Kendra

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র

# বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও বাজেট প্রণয়নের গাইডলাইন

## অর্থবছর : ২০২৬- ২০২৭

তারিখ : ২১.০৬.২০২৬

চলতি জুন ২০২৫-২০২৬ অর্থবছর শেষ হতে যাচ্ছে এবং যথারীতি ২০২৬-২০২৭ অর্থবছর শুরু হবে। প্রতি অর্থবছরেই বার্ষিক উন্নয়ন পরিকল্পনা করা হয়ে থাকে। আগামী অর্থবছরের পরিকল্পনা প্রণয়নের গাইডলাইন খুব বেশি পরিবর্তন থাকবে না। বাজেট প্রণয়ন হবে শাখাভিত্তিক। সংশ্লিষ্ট শাখার কর্মী ও ব্যবস্থাপকগণ পরিকল্পনা প্রণয়ন করবেন এবং সংশ্লিষ্ট কেন্দ্রীয় ব্যবস্থাপকগণ যথাসম্ভব সহযোগিতা করবেন। এভাবে শাখাভিত্তিক পরিকল্পনা প্রণয়ন করে কেন্দ্রীয় ব্যবস্থাপকগণ উক্ত পরিকল্পনা ১৫ জুলাই ২০২৬-এর মধ্যে সংশ্লিষ্ট পরিচালকের নিকট জমা করবেন। পরিচালকগণ শাখা অফিস হতে জমাকৃত বাজেট যাচাই-বাছাই করে অনুমোদন করবেন এবং অনুমোদিত একটি কপি এফএসডি বিভাগে জমা করবেন।

## বাজেট বা পরিকল্পনার বিবেচ্যবিষয়

২০২৬-২০২৭ অর্থবছরের পরিকল্পনায় আর্থিক সেবা কার্যক্রমের সাথে সামাজিক সুরক্ষা সেবা কার্যক্রম এবং আয়মূলক সকল কার্যক্রমের পরিকল্পনা ও বাজেট থাকবে। ২০২৬-২০২৭ অর্থবছরের পরিকল্পনা ও বাজেট প্রণয়ন হবে শাখা অফিসসমূহের বাস্তবতা ও সামর্থ্যের উপর নির্ভর করে। গত অর্থবছরের অর্জনের সাথে ন্যূনতম ১৫% বৃদ্ধি করে আর্থিক সেবা কার্যক্রমের পরিকল্পনা করতে হবে। অন্যান্য কার্যক্রমের পরিকল্পনা হবে সামর্থ্যের উপর নির্ভর করে। বিশেষভাবে উল্লেখ্য যে, ২০২৬-২০২৭ অর্থবছরে নতুন করে শাখা অফিস সম্প্রসারণ হবে না। বরং যে সকল শাখা অফিস দুর্বল আছে সে সকল শাখা অফিসকে আর্থিকভাবে সবল করার পরিকল্পনা করতে হবে।

## আর্থিক সেবা কার্যক্রম : ২০২৬-২০২৭

আর্থিক সেবা কার্যক্রমের মধ্যে সাংগঠনিক, সক্রিয় সদস্য বৃদ্ধি, সাপ্তাহিক সঞ্চয় আদায় ও উত্তোলন, ESSS, TDS, PSSS, PLSS উত্তোলন, PVDS আদায় ও উত্তোলন, ঋণ চুক্তিপত্রের মাধ্যমে অর্থ আদায় ও উত্তোলন, ঋণ আদায় ও বিতরণ, ঋণস্থিতি বৃদ্ধি, ঝুঁকিপূর্ণ ঋণস্থিতি হ্রাস, মেয়াদোত্তীর্ণ ঋণ হ্রাস, ঋণী সদস্যের হার বৃদ্ধি, PAR হ্রাস, আয় বৃদ্ধি, বিকল্প আয়ের পরিকল্পনা এবং ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা উন্নয়ন কর্মসূচি (SMED) অন্তর্ভুক্ত। বিশেষভাবে উল্লেখ্য যে-

- জুন ২০২৭ এর মধ্যে PAR ১০% এ উন্নীত করার পরিকল্পনা করতে হবে।
- সক্রিয় সদস্যদের মধ্য থেকে ন্যূনতম ৭০% সদস্যকে ঋণের আওতায় আনার পরিকল্পনা করতে হবে।
- অকার্যকর সদস্যকে বাদ দিতে হবে।

Shaktipada

Shakti Pada Chakraberty
Chief Executive (Acting)
Proshika Manobik Unnayan Kendra

চলতি বছরে আর্থিক সেবা কার্যক্রমের পরিকল্পনা ফরমেট শুধুমাত্র PVDS আদায় ও উত্তোলন এবং চুক্তিপত্রের মাধ্যমে অর্থ আদায় ও উত্তোলন ফরমেট যুক্ত করা হবে। ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা উন্নয়ন কর্মসূচি (SMED) পৃথকভাবে পরিকল্পনা প্রণয়ন করবেন।

## সামাজিক সুরক্ষা সেবা কার্যক্রম : ২০২৬-২০২৭

আর্থিক সেবা কার্যক্রমের সামর্থ্যের ভিত্তিতে সামাজিক সুরক্ষা সেবা কার্যক্রমের পরিকল্পনা করতে হবে। শাখা অফিসের বিদ্যমান সামর্থ্য এবং গত বছরের অর্জনের বিষয়টি বিবেচনায় নিয়ে আর্থিক সুরক্ষা সেবা কার্যক্রমের পরিকল্পনা করতে হবে। সামাজিক সুরক্ষা সেবা কার্যক্রমে বর্তমান সরকারের বিশেষ পরিকল্পনার অংশ হিসাবে সামাজিক বনায়নের পরিকল্পনা অবশ্যই রাখতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)। অর্থবছর ২০২৬-২০২৭ এর সামাজিক সুরক্ষা সেবা কার্যক্রমের পরিকল্পনা প্রণয়নে গত বছরের পরিকল্পনা ফরমেট ব্যবহার করতে হবে।

## আয়মূলক সেবা কার্যক্রম : ২০২৬-২০২৭

আয়মূলক সেবা কার্যক্রমের মধ্যে রয়েছে শাখা অফিসের জমি ও স্থাপনা থেকে আয় (প্রযোজ্য ক্ষেত্রে), ফিল্টার উৎপাদন ও বিপণন, মধু উৎপাদন ও বিপণন, সরিষার তৈল উৎপাদন ও বিপণন, সাতকানিয়া ফার্ম, মিঠাপুর মৎস্য খামার, রংপুর সমন্বিত কৃষি খামার, প্রিন্টিং প্রেস, খুলনা সমন্বিত কৃষি খাবার, এইচআরডি কৈট্টা এবং সিটি ক্যাম্পাস (ঢাকা অফিস), প্রশিকা ডায়াগনস্টিক ও হাসপাতাল (কুলিয়ারচর) এর পরিকল্পনা ও বাজেট সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তৈরি করে উপস্থাপন করবেন এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে তা এফএসডি বিভাগে জমা করবেন।

## সামগ্রিক পরিকল্পনা ও উপস্থাপনা (সংশ্লিষ্ট কর্তৃপক্ষ)

- প্রশিকার আয়ের উৎস ও ব্যয় নির্বাহের খাত উল্লেখ্যপূর্বক গ্লোবাল বাজেট পেশ এবং অনুমোদন।
- কর্মী কল্যাণ তহবিলের আয়-ব্যয়ের প্রতিবেদন উপস্থাপন।
- রংপুর সমন্বিত কৃষি খামার, মিঠাপুকুর মৎস্য ফার্ম, সাতকানিয়া ফার্ম, খুলনা সমন্বিত কৃষি খামার এবং মানবসম্পদ উন্নয়ন কেন্দ্র (এইচআরডিসি) কৈট্টা, মানিকগঞ্জের আয়-ব্যয়ের প্রতিবেদন উপস্থাপন।
- প্রশিকা ডায়াগনস্টিক সেন্টার ও হাসপাতালের (কুলিয়ারচর) আয়-ব্যয়ের প্রতিবেদন উপস্থাপন।

Shakti Pada Chakraborty
Chief Executive (Acting)
Proshika Manobik Unnayan Kendra

## বিশেষ পরিকল্পনা

উল্লেখিত কর্মসূচির বাইরে যদি কোন কর্মসূচি থাকে (প্রযোজ্য ক্ষেত্রে) তাহলে সেসকল বিষয় বিবিধ পরিকল্পনা হিসাবে বাজেট প্রণয়ন করতে হবে।

আশা করি, ১৫ জুলাই ২০২৬ এর মধ্যে ২০২৬-২০২৭ অর্থবছরের আর্থিক সেবা কার্যক্রম, সামাজিক সুরক্ষা সেবা কার্যক্রম, আয়মূলক সেবা কার্যক্রম ও বিবিধ কার্যক্রমের পরিকল্পনা প্রণয়ন করে প্রশিকার উন্নয়নের অগ্রগতির ধারাবাহিকতা রক্ষায় সকলে সহযোগিতা করবেন।

ধন্যবাদান্তে,

Shaktipada
24/06/2026

শক্তি পদ চক্রবর্ত্তী
প্রধান নির্বাহী (ভারপ্রাপ্ত)
প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র।

**Shakti Pada Chakraberty**
**Chief Executive (Acting)**
**Proshika Manabik Unnayan Kendra**

G:\Management Doc_02\Dir Kamruzzaman\Year_2026\Guideline (2026-2027).doc